

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ১৬২

তারিখ: ২২ মে ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের এপ্রিল ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১৩ মে ২০১৮, রবিবার, সময়- সকাল ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|------|---|--|---|--|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত মার্চ ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক মহোদয় বলেন আর্থিক অনুদান সংক্রান্ত কিছু নথি পরিলক্ষিত হচ্ছে যা দুই মাসের মধ্যে নিষ্পত্তি হচ্ছে না। এহেন কার্যক্রম প্রত্যাশিত নয়। মৃতের পরিবারের সাথে টেলিফোনে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে অবশ্যই দুই মাসের মধ্যে নথি নিষ্পত্তির করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | মৃতের পরিবারের সাথে টেলিফোনে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার | ইআরপি সিস্টেম সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করার জন্য টেকনোহেভেন সফটওয়্যার কোম্পানীকে সর্বশেষ আগামী ৩০ জুন পর্যন্ত সময় নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। উক্ত সময়ের মধ্যে সম্পূর্ণরূপে ইআরপি সফটওয়্যার ব্যবহার উপযোগী করতে ব্যর্থ হন তা হলে এসআরএস অনুযায়ী তাদের সাথে চুক্তি বাতিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ইআরপি সিস্টেম সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করার জন্য টেকনোহেভেন সফটওয়্যার কোম্পানীকে সর্বশেষ আগামী ৩০ জুন পর্যন্ত সময় নির্ধারণ করা হলো। উক্ত সময়ের মধ্যে সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করতে ব্যর্থ হলে এসআরএস অনুযায়ী তাদের সাথে চুক্তি বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট সফটওয়্যার কোম্পানীকে এ বিষয়ে অবহিত করতে হবে। | পরিচালক (আইআরপি) ও সংশ্লিষ্ট কমিটি |

